দর্শনায় আদিবাসী পাড়ায় স্যানিটেশন বিষয়ক প্রকল্প পরিদর্শন

দর্শনা পৌরসভার কালিদাসপুর গ্রামের আদিবাসী পাড়ায় স্যানিটেশন বিষয়ক একটি প্রকল্প পরিদর্শন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টার দিকে মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার বাস্তবায়নে এবং বাংলাদেশ এনজি ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির আওতায় এ পরিদর্শন অনুষ্ঠিত হয়।

প্রকল্পটি পরিদর্শন করেন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন। এসময় কালিদাসপুর গ্রামের আদিবাসী পাড়ার স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উপকারভোগী নারীরা উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, পরিচ্ছন্নতা বজায় রাখা এবং স্বাস্থ্যঝুঁকি কমানোর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নানা পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন আব্দুল্লাহ আল মামুন ও বিল্লাল হোসেন। অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন সুপারভাইজার মোহাম্মদ জিল্লুর রহমান।

দর্শনায় আদিবাসীদের মাঝে

স্যানিটেশন বিষয়ক ওরিয়েন্টেশন

ও সামগ্রী বিতরণ

দর্শনায় আদিবাসী জনগোষ্ঠীর মাঝে স্যানিটেশন বিষয়ে ওরিয়েন্টেশন ও স্যানিটেশন সামগ্রী বিতরণ করেছে মৌচাক সমাজ উন্নয়ন সংস্থা। বুধবার সকাল ১০টা থেকে দিনব্যাপী এ কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ১৭ জন নারী ও পুরুষ আদিবাসীকে স্যানিটেশন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিতরণ করা হয়। বিতরণকৃত সামগ্রীর মধ্যে ছিল সাবান, হারপিক, বালতি, ব্রাশ, বদনা ও খাবার।

মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার সভাপতি তক্কেল আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় প্রশিক্ষক হিসেবে বক্তব্য দেন কমিউনিটি হেলথ কেয়ার প্রোপাইটার শাহিনুজ্জামান পলাশ। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আওয়াল হোসেন ও সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মৌচাকের কর্মকর্তা জিল্লুর রহমান।

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১টায় কালিদাসপুর আদীবাসী পাড়ায় পূজা মন্ডপের সামনে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে নিবার্চিত ১৭ জন নারী ও পুরুষ অংশ নেয়। এছাড়া আজ শনিবার থেকে প্রথম ধাপে ১০ এবং দ্বিতীয় ধাপে ৭জনকে আরো বিনামূল্যে সেমি পাকা ল্যাট্রিন নির্মাণ করে দেওয়া হবে বলে নিবার্হী পরিচালক জানান।

স্বাস্থ্য ও স্যানিটেশন বিষয় আলোচনা করেন, সংস্থার সাধারণ সম্পাদক আতিকুজ্জামান পান্না ও মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন, জিল্লুর রহমান।

মেহেরপুরে স্যানিটেশন ও হাইজিন বিষয়ক কর্মশালা

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে স্যানিটেশন ও হাইজিন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) সকাল ১০টায় জেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালার আগে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে শেষ হয়। এরপর সম্মেলন কক্ষে কর্মশালা অনুষ্ঠিত হয়।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেম উদ্দিনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসকের প্রতিনিধি ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. তরিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন প্রমুখ।

এছাড়াও এসময় শিক্ষার্থী, শিক্ষক, সাংবাদিক, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্যবৃন্দ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।